

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ১

পাঠমালা - ১০২

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪ X ২ = ৮

১. 'এবঙ্গের অলঙ্কার' - কথাটি কে কাকে বলেছেন?
২. ভারতচন্দ্র কোন সময়ের কবি? তাঁর কৌলিক পদবী কী?
৩. মালাধর বসুর শ্রীকৃষ্ণবিজয় আর দু'টি কী নামে পরিচিত?
৪. 'কবিওয়াল' কাদের বলা হয়?
৫. 'লোরচন্দ্রানী' বা 'সতীময়না' কোন কবির কোন গ্রন্থ অবলম্বনে রচিত?
৬. 'শূন্যপুরাণ' কার লেখা? এই কাব্যটি কে আবিষ্কার ও সম্পাদনা করেন?
৭. শাক্তগান কী? শাক্তপদাবলীর মূল রস কী?
৮. মুরারী গুপ্তের কাব্যের নাম কী? কাব্যটি কী নামে পরিচিত?

বিভাগ - 'খ'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো।

৪X৪=১৬

১. সুফীবাদ কী? সুফীবাদের দু'টি বৈশিষ্ট্য লেখো।

(2)

২. নাথ সাহিত্য কী? নাথ সাহিত্যের কটি ভাগ?
৩. অষ্টাদশ শতাব্দীর যুগবৈশিষ্ট্যের পরিচয় দাও।
৪. গোবিন্দদাস কোন পর্যায়ের শ্রেষ্ঠ কবি? তাঁর তিনটি কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।
৫. কমলাকান্ত ও রামপ্রসাদের কবিবৈশিষ্ট্যের পার্থক্য লেখো।
৬. বঁধু কি আর বলিব আমি
মরণে জীবনে জনমে জনমে
প্রাণনাথ হৈও তুমি।
পদটি কার লেখা? পদটির তাৎপর্য বিশ্লেষণ করো।
৭. মনসামঙ্গল কাব্যের আদিকবি কে? তাঁর তিনটি কাব্যবৈশিষ্ট্য আলোচনা করো।
৮. চারজন মুসলমান বৈষ্ণব কবির নাম লেখো।

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো।

২ X ৮ = ১৬

১. মধ্যযুগের সর্বাধিক খ্যাতনামা একজন মুসলমান কবির কাব্য-প্রতিভা আলোচনা করো।
২. মঙ্গলকাব্য রচনার সামাজিক কারণ কী? মঙ্গলকাব্যের সাধারণ লক্ষণগুলি লেখো।
৩. চৈতন্য পূর্ববর্তী ও পরবর্তী একজন করে জনপ্রিয় কবির কাব্যপ্রতিভা আলোচনা করো।
৪. বাউল কাদের বলা হয়? বাউল কথাটি কোথা থেকে এসেছে? একজন বিখ্যাত বাউলের পরিচয় দাও।

আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০